দৈনিক ইত্তেফাক

তারিখ 19 SEP 2007 পৃষ্ঠা ২০ কলাম ৪

# রাজশাহী ভার্সিটির দুই শিক্ষকসহ ১৪ জনের বিরুদ্ধে চার্জ গঠন

## গোয়েন্দা সংস্থার গাড়ি পোড়ানো মামলা

॥ রাজশাহী অফিস ॥

২২ আগস্ট রাজশাহী বিশ্ববিদ্যালয়ে গোয়েন্দা সংস্থার গাড়ি পোড়ানো মামলার চার্জশিটভুক্ত দুই শিক্ষকসহ ১৪ জনের বিরুদ্ধে চার্জ গঠন করা হয়েছে। রাষ্ট্র ও আসামি পক্ষের আইনজীবীদের শুনানিশেষে গতকাল মঙ্গলবার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ফজলুল করিম চৌধুরী চার্জ গঠন করেন। মামলায় সাক্ষ্য গ্রহণে আগামী ২৪ সেপ্টেম্বর দিন ধার্য করা হয়েছে।

মামলায় যাদের বিরুদ্ধে চার্জ গঠন হয়েছে তারা হচ্ছেন : ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের অধ্যাপক গোলাম সাব্বীর সাত্তার তপু, অধ্যাপক ড. সারোয়ার জাহান সজল, জনসংযোগ কর্মকর্তা সাদেকুল ইসলাম, বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক আয়েন উদ্দিন, ছাত্র দীপায়ন সরকার, হাফিজউদ্দিন কামাল, শাখাওয়াত হোসেন, কাজী আবদুল লতিফ, শামিম আহমেদ, আবু শায়েম, ফখরুল ইসলাম, সরকার আওয়াজ, মিজানুর রহমান মিঠু ও সাবেক ডিসি ফাইসুল ইসলাম ফারুকীর গাড়ির চালক আতাউর রহমান।

অধ্যাপক গোলাম সাব্বীর সাত্তার তপু, অধ্যাপক ড. সারোয়ার জাহান সজল, জনসংযোগ কর্মকর্তা সাদেকুল ইসলাম ও আতাউর রহমান জেল হাজতে রয়েছেন। চার্জ গঠনের সময় দুই শিক্ষকসহ এই চারজনকে আদালতে হাজির করা হয়। অপর ১০ আসামি পলাতক।

অধ্যাপক গোলাম সাব্বীর, অধ্যাপক সারোয়ার জাহানের আইনজীবীরা চার্জ গঠনের বিরোধিতা করেন।